

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ী নং-৪৪, সড়ক নং- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
training.hsp@pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/বিভাগীয় পর্যায় প্রশিক্ষণ/১৫৫/২০২২/(খন্ড-১)/২৪/ ৯৩/১২৩)

তারিখ: ২৮.০৫.২০২৪ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র উদ্যোগে রংপুর বিভাগীয় পর্যায়ে এক দিনের ওয়ার্কশপ সমন্বয়করণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির উদ্যোগে রংপুর বিভাগে আগামী ০১.০৬.২০২৪ তারিখে এক দিনের বিভাগীয় ওয়ার্কশপ অনুষ্ঠিত হবে। উক্ত ওয়ার্কশপে রংপুর বিভাগের আওতাধীন রংপুর বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর জেলা ও উপজেলা প্রশাসন, মাধ্যমিক উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা দপ্তর, রংপুর বিভাগের সকল জেলা শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রংপুর বিভাগের আওতাধীন জেলাসমূহের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/শিক্ষক সমিতির সভাপতি এবং রংপুর প্রেস ক্লাবের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ প্রায় ১৫০ জন অংশগ্রহণ করবেন। উক্ত অনুষ্ঠান সুষ্ঠু ও সুচারুভাবে সম্পন্নকরণের লক্ষ্যে বিভাগীয় কমিশনার মহোদয়সহ সংশ্লিষ্ট সকলের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ ও সহযোগিতা প্রদানপূর্বক যথাযথ সমন্বয় সাধনের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, উক্ত বিভাগীয় ওয়ার্কশপে বিভাগীয় কমিশনার, রংপুর মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর

(মোহাম্মদ আসাদুল হক)

সিনিয়র পরিচালক (যুগ্মসচিব)

ফোন: ০২-৫৫০০২০৭৩

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৭। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ৮। জেলা প্রশাসক, রংপুর।
- ৯। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ১০। জেলা শিক্ষা কর্মকর্তা, রংপুর।
- ১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর (পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল এর সাথে বিভাগীয় ওয়ার্কশপ সুষ্ঠু সমন্বয়ে সার্বিক সহযোগিতা প্রদান করবেন)।
- ১২। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ১৩। সংরক্ষণ নথি।